



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০১ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

**শীতার্থদের মাঝে শীত বস্ত্র বিতরণ করলেন মেয়র
যাদের মধ্যে মানবিক মূল্যবোধ কাজ করে তারাই প্রকৃত মানুষ
--আ জ ম নাছির উদ্দীন**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, আর্ত-মানবতার সেবার চেয়ে উত্তম কাজ আর নেই। যাদের মধ্যে মানবিক মূল্যবোধ কাজ করে তারাই প্রকৃত মানুষ। তিনি বলেন, টাকা-ধন-দৌলত মানুষ আহরন করে এ সম্পদ মানুষের কল্যাণে ব্যয় না হলে সম্পদের কোন মূল্য থাকে না। মেয়র মানবতার কল্যাণে আওয়ামীলীগ নেতা সৈয়দ নুর লিটন এর অবদান স্মরণীয় দৃষ্টান্ত হয়ে থাকবে। ৩১ জানুয়ারি ২০১৮ খ্রি. বুধবার রাতে কেবি এ এইচ দোভাষ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় মাঠে ৩৬ নং ওয়ার্ড আওয়ামীলীগ এর সাংগঠনিক সম্পাদক সৈয়দ নুর নবী লিটন এর ব্যক্তিগত উদ্যোগে শীতার্থদের মাঝে শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। জনাব সৈয়দ নুরনবী লিটনের সভাপতিত্বে অনুষ্ঠিত শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন। চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের উপদেষ্টা সদস্য সোলতান আহমদ, প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর এইচ এম সোহেল, আব্দুল কাদের, আওয়ামী আইন ছাত্র পরিষদ বিজিসি ট্রাষ্টের সাধারণ সম্পাদক রাজিব ভট্টচার্য সহ অন্যান্যরা। পরে মেয়র ৫শত জন শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন।

চট্টগ্রাম- ০১ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

**অজ্ঞান পার্টির খপ্পরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের
কর আদায়কারী রতন চন্দ্র ভৌমিক**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নাসিরাবাদ মহল্লার দায়িত্বপ্রাপ্ত কর আদায়কারী রতন চন্দ্র ভৌমিক ০১ ফেব্রুয়ারি ২০১৮খ্রি বৃহস্পতিবার, বেলা ১১ টায় পাবলিক গাড়ী যোগে কর্মস্থলে যাওয়ার পথে অজ্ঞান পার্টি তাকে অজ্ঞান করে অফিসিয়াল কাগজপত্র নানান ডকুমেন্ট, ব্যাগ ও টাকা পয়সা ছিনিয়ে নিয়ে যায়। পরে তাকে অজ্ঞান অবস্থায় অক্সিজেন মোড়স্ রবি মোবাইল অফিসের সামনে ফেলে যায়। তার অজ্ঞানের খবর পেয়ে পরিবারের সদস্য এবং সিটি কর্পোরেশনের রাজ-^ শাখার লোকজন রতনকে অজ্ঞান অবস্থায় উদ্ধার করে পাঁচলাইশ পলি ক্লিনিকে ভর্তি করেন। বর্তমানে তিনি উক্ত হাসপাতালে চিকিৎসাধীন আছে।

চট্টগ্রাম- ০১ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র এর হাতে চট্টগ্রাম কলেজ এর বকেয়া পৌরকর বাবদ প্রায় ২০ লক্ষ টাকার চেক হস্তান্তর

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন আহবানে সাড়া দিয়ে চট্টগ্রাম কলেজ চট্টগ্রাম এর নিকট চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর পাওনা বকেয়া সহ ৪৭ লক্ষ টাকার মধ্যে ০১ ফেব্রুয়ারী ২০১৮খ্রি বৃহস্পতিবার, সন্ধ্যায় মেয়র দপ্তরে ১৯ লক্ষ ৯৯ হাজার ৭০ টাকার একটি চেক অত্র কলেজের অধ্যক্ষ এ কে ফজলুল হক মেয়র আ জ ম নাছির উদ্দীন এর হাতে হস্তান্তর করেন। এসময় প্রধান রাজ-^৮ কর্মকর্তা প্রফেসর ড. মুস্তাফিজুর রহমান, কর কর্মকর্তা মো. কামরুল ইসলাম চৌধুরী, জসিম উদ্দিন সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০১ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

সিটি মেয়রের সাথে চিটাগাং কোচিং এসোসিয়েশন এর নেতৃবৃন্দের মতবিনিময়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে ০১ ফেব্রুয়ারী ২০১৮খ্রি বৃহস্পতিবার, সন্ধ্যায় নগরভবনের কে বি আবদুস ছত্তার মিলনায়তনে চিটাগাং কোচিং এসোসিয়েশন এর নেতৃবৃন্দ মতবিনিময় করেন। মতবিনিময় শেষে চিটাগাং কোচিং এসোসিয়েশন নেতৃবৃন্দ মেয়রকে তাদের দাবি সম্বলিত একটি স্মারকলিপি হস্তান্তর করেন। স্মারকলিপি গ্রহণ করে মেয়র সংশ্লিষ্ট মন্ত্রনালয়ের নিকট তাদের দাবীগুলো উপস্থাপন করার আশ্বাস দেন। স্মারকলিপিতে এসোসিয়েশনের নেতৃবৃন্দ বলেন, কোচিং সেন্টার বন্ধ থাকলে কিশোর অপরাধ বেড়ে যাবে, স্কুল ও কলেজ শিক্ষকদের কোচিং এর বিরুদ্ধে কোন ব্যবস্থা না নিয়ে প্রজ্ঞাপন জারির মাধ্যমে মন্ত্রনালয় সীমাবদ্ধ রেখেছে। তারা বলেন, আমরা ভ্যাট, ট্যাক্স এবং ট্রেড লাইসেন্স গ্রহণ করেই কোচিং সেন্টার পরিচালনা করছি। এসময় চিটাগাং কোচিং এসোসিয়েশন এর সভাপতি অধ্যক্ষ মো. আবু তাহের, সাধারণ সম্পাদক আবদুর রব সোহেল, সহ সভাপতি সাজ্জাদ উদ্দিন, মো. সোলায়মান, সাংগঠনিক সম্পাদক আজিজুল হক, কোষাধ্যক্ষ সৈয়দ মো. মোখতার উদ্দিন, সহ সম্পাদক সোহরাব মোস্তফা সহ প্রায় ৮৮ টি কোচিং সেন্টার এর পরিচালকবৃন্দ মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা